গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা

## বিজ্ঞপ্তি

০৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস-২০২৪ উদ্‌যাপন উপলক্ষে আগামী ০১ ফেব্রুয়ারি বইপাঠ প্রতিযোগিতা, ০২ ফেব্রুয়ারি চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং ০৩ ফেব্রুয়ারি রচনা প্রতিযোগিতা (নিবন্ধন প্রয়োজন নেই, সরাসরি লিখিত রচনা জমা প্রদান করতে হবে) এবং ০৪ ফেব্রুয়ারি উপস্থিত বক্তৃতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় ঢাকা মহানগর এবং ঢাকা জেলার প্রতিযোগিদের রেজিষ্ট্রেশন বাধ্যতামুলক। রেজিষ্ট্রেশন সরাসরি অথবা অনলাইনে করতে হবে। অনলাইন রেজিষ্ট্রেশন করার জন্য প্রতিযোগিদের নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্নোক্ত ওয়েব ঠিকানার মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**যোগাযোগ:**

জনাব মোঃ আল-মামুন
লাইব্রেরিয়ান
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার
লেভেল-১২, আইইবি ভবন, রমনা, ঢাকা
ফোন: ০১৭৪৫৩০৭৩২৫
অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য:

https://publiclibrary.gov.bd/ (গ্রন্থাগার বর্ষ-প্রতিযোগীতার রেজিষ্ট্রেশন মেন্যুতে)

অথবা
https://dpl.gov.bd/app/Competition/

এছাড়াও ডান পার্শ্বের QR কোডটি স্ক্যান করে অনলাইনে রেজিস্ট্রেশন করা যাবে।

স্বা/-
২২/১/২০২৪
(মোছা: মরিয়ম বেগম)
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
১ মিন্টো রোড, রমনা, ঢাকা
www.publiclibrary.gov.bd

তারিখ: ৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৩.২৬.০০০০.০০৬.২৩.০০১.১৮.২৪

**বিষয়: ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদযাপন উপলক্ষে বইপাঠ, চিত্রাঙ্কন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা।**

০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদযাপন এর লক্ষ্যে দেশব্যাপী নিম্নোক্ত বিষয়ে বইপাঠ, চিত্রাঙ্কন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে আহবান জানানো যাচ্ছে।

**ক. বইপাঠ প্রতিযোগিতা:**

| ক্র.নং | শ্রেণি/গ্রুপ | তারিখ ও সময় |
|---|---|---|
| ১ | উন্মুক্ত | ০১.০২.২০২৪<br>সকাল ১১:০০ টা |

**খ. চিত্রাঙ্কন প্রতিযোগিতা:**

| ক্র.নং | গ্রুপ | শ্রেণি | চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ | ক | শিশু শ্রেণি - দ্বিতীয় শ্রেণি | উন্মুক্ত | ০২.০২.২০২৪<br>সকাল ১১:০০ টা |
| ২ | খ | তৃতীয় শ্রেণি - সপ্তম শ্রেণি | আমার প্রিয় গ্রন্থাগার | |

**গ. রচনা প্রতিযোগিতা :**

| ক্র.নং. | শ্রেণি/গ্রুপ | রচনা প্রতিযোগিতার বিষয় | শব্দসীমা | রচনা জমা দেয়ার শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | উন্মুক্ত | স্মার্ট নাগরিক গঠনে গ্রন্থাগারের ভূমিকা | ১০০০ | ০৩.০২.২০২৪ খ্রি.<br>বিকাল ৪.০০ টার মধ্যে |

**ঘ. উপস্থিত বক্তৃতা:**

| ক্র.নং | গ্রুপ | শ্রেণি | উপস্থিত বক্তৃতার বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ | ক | অষ্টম - দ্বাদশ | তাৎক্ষণিক নির্ধারণ করা হবে | ০৪.০২.২০২৪<br>সকাল ১১:০০ টা |
| ২ | খ | স্নাতক - স্নাতকোত্তর | তাৎক্ষণিক নির্ধারণ করা হবে | |

**বইপাঠ, চিত্রাঙ্কন ও উপস্থিত বক্তিতা প্রতিযোগিতার স্থান:**

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে উল্লিখিত তারিখে অনুষ্ঠিত হবে। উল্লিখিত ৩টি প্রতিযোগিতার প্রতিযোগীদের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে সংশ্লিষ্ট গ্রন্থাগারে উপস্থিত হতে হবে।

**রচনা প্রতিযোগিতা জমা দেয়ার স্থান:**

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীদের স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে রচনা জমা দিতে হবে।

**শর্তাবলি :**

১. কর্তৃপক্ষ বইপাঠ প্রতিযোগীদের বই এবং মূল্যায়ন ফরম সরবরাহ করবে। মূল্যায়ন ফরমে প্রতিযোগী বইয়ের বিষয়ে তথ্য ও সারসংক্ষেপ উপস্থাপন করবে। পূরণকৃত মূল্যায়ন ফরমের উপর বিজয়ী নির্ধারণ করা হবে।
২. বইপাঠ মূল্যায়ন, চিত্রাঙ্কন ও রচনাপত্রে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, সচল মোবাইল নম্বর এবং গ্রুপের নাম (চিত্রাঙ্কন ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগীদের ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে। চিত্রাঙ্কনে জলরঙ ব্যবহার করা যাবে না।
৩. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে।
৪. শিক্ষার্থীদের ক্ষেত্রে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র অথবা প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে জন্মসনদ অথবা জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি সাথে আনতে হবে।
৫. বিস্তারিত তথ্যের জন্য জনাব মোঃ আল-মামুন হাওলাদার, লাইব্রেরিয়ান (মোবাইল নম্বর ০১৭৪৫৩০৭৩২৫), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকার সাথে যোগাযোগ করা যাবে।

১৮-০১-২০২৪
খন্দকার আসিফ মাহতাব
সহকারী পরিচালক
+৮৮০২২২২২২৯৪৮৮
kamp.addpl@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল);

২। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর/সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা ও বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল);

৩। সিনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);

৪। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);

৫। সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ) এবং

৬। গ্রন্থাগারিক/সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা পর্যায়ে অবস্থিত সরকারি গণগ্রন্থাগারসমূহ (সকল)।